# উপজেলা আইন-শৃংখলা কমিটির সেপ্টেম্বর,১৫খ্রিঃ মাসের মাসিক সভার কার্যবিবরণী :

সভাপতি : আ[illegible]য়া আখতার
উপজেলা নির্বাহী অফিসার
কাউখালী, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

তারিখ : ১৪/০৯/২০১৫খ্রিঃ
সময় : সকাল ১১.৩০ ঘটিকা।

স্থান : উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ।

[ সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট – 'ক' এবং অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট – 'খ' দ্রষ্টব্য ]

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতপর গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। পঠিত কার্যবিবরণীর উপর কোন সংশোধনী প্রস্তাব না থাকায় উহা দৃঢ়ীকরণ করা হয়। এরপর নিম্নোক্ত বিষয়ের উপর আলোচনান্তে সিদ্ধান্ত গৃহীত হয়।

| আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১। উপজেলা আইন-শৃংখলা সংক্রান্ত : অফিসার্স ইনচার্জ কাউখালী থানার প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, আগস্ট,২০১৫খ্রিঃ মাসে ৬টি মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে এবং ০৩টি অন্যান্য ধারায়সহ মোট ০৯টি মামলা রুজু করা হয়। এছাড়া উপজেলার সার্বিক আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক আছে। তিনি আরো বনে যে, গত সভার সিদ্ধান্ত অনুযায়ী ঘাগড়া-কাউখালী সড়কে মহিউদ্দিন পুকুর হতে ঢুধুকছড়া পর্যন্ত পুলিশি টহল ব্যবস্থা জোরদার করা হয়েছে। আসন্ন ঈদ-উল আযহা উপলক্ষে পশুর হাটে নিরাপত্তা ব্যাবস্থা নেয়া হয়েছে। মহিলা ভাইস চেয়ারম্যান, বলেন যে, ঈদ-উল আযহা উপলক্ষে পশুর হাটে জাল টাকা সনাক্ত করার জন্য মেশিন স্থাপন করা যেতে পারে। উপজেলা নির্বাহী অফিসার আলোচনায় অংশ নিয়ে বলেন যে, কোরবানীর পশুর হাটে ক্রেতা-বিক্রেতাগণ যাতে নির্বিঘ্নে কেনা-কাটা করতে পারেন, সে জন্য প্রয়োজনীয় নিরাপত্তা ব্যাবস্থা নেয়া হয়েছে। এরপরও নিরাপত্তার জন্য যে কেউ পুলিশ প্রশাসন/উপজেলা প্রশাসনের নিকট সহযোগিতা চাইলে তাঁকে নিরাপত্তা প্রদান করা হবে। | কোরবানী পশুর হাটে ক্রেতা-বিক্রেতাগণ নির্বিঘ্নে কেনা-কাটা করার জন্য প্রয়োজনীয় নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, কাউখালী থানা। |
| ২। ইউনিয়নসমূহের আইন-শৃংখলা সংক্রান্ত : প্যানেল চেয়ারম্যান, বেতুনিয়া ইউনিয়ন পরিষদ সভাকে অবহিত করেন যে, ইউনিয়ন এলাকায় আইন শৃঙখলা পরিস্থিতি স্বাভাবিক আছে। রাউজান উপজেলা সীমান্ত এলাকায় রোহিঙ্গা সম্প্রদায়ের কিছু লোকের বসতি রয়েছে। সম্প্রতি ভোটার তালিকা হাল-নাগাদ কার্যক্রমে এ সকল রোহিঙ্গারা ভোটার তালিকায় অন্তর্ভূক্ত হননি বলেও জানান। প্যানেল চেয়ারম্যান, কলমপতি ইউপি বলেন যে, ইউনিয়নের আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক আছে। চেয়ারম্যান ঘাগড়া ইউপি বলেন যে, ঘাগড়া বাজারের সাপ্তাহিক হাটের দিন ক্রেতা-বিক্রেটার সমাগম বেশী হলে চট্টগ্রাম-রাঙ্গামাটি সড়কে যানবাহন চলাচলে বিঘ্ন ঘটে। সড়কের উভয় পার্শ্বে বাজার না বসিয়ে মাত্র এক পার্শ্বে বাজার বসালে এবং উভয় দিকে যানবাহন দাড় না করে এক পার্শ্বে যানবাহন দাড় করে মালামাল গাড়ীতে লোড করলে যানজট কিছুটা লাঘব হতে পারে। চেয়ারম্যান, ফটিকছড়ি ইউপি বলেন যে, ফটিকছড়ি ইউনিয়ন এলাকার আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক আছে। | সাপ্তাহিক হাটের দিন ঘাগড়া বাজারে যান চলাচল নির্বিঘ্ন করার লক্ষে সড়কে উভয় পার্শ্বে বাজার না বসানোর এবং উভয় পার্শ্বে যানবাহন দার করে মালামাল লোড না করার সিদ্ধান্ত গৃহীত হয়। হাটের দিন সড়কে যান চলাচল স্বাভাবিক রাখার কাজে সহায়তা প্রদানের লক্ষে ঘাগড়া বাজারে পুলিশ টহল প্রদানের এবং ইউপি'র গ্রাম পুলিশ মোতায়েন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১) অফিসার ইনচার্জ, কাউখালী থানা। ২) চেয়ারম্যান, ঘাগড়া ইউপি। ৩) ইজারাদার, ঘাগড়া বাজার। |
| ৩। নারী ও শিশু নির্যাতন এবং মানব পাচার সংক্রান্ত : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ এবং অবৈধ পথে বিদেশ গমনে জনসচেতনতা বৃদ্ধির বিষয়ে জনমত গড়ে তোলার প্রচারণা কার্যক্রম অব্যাহ রয়েছে। | লিঙ্গ বৈসম্য সহিংসতা দূরীকরণার্থে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কাউখালী। |
| ৪। মাদক বিরোধী অভিযান এবং ভ্রাম্যমাণ আদালত পরিচালনা সংক্রান্ত : অফিসার ইনচার্জ, কাউখালী থানার প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, মাদক বিরোধী অভিযান চলমান রয়েছে। তিনি বালে যে, আগস্ট,২০১৫খ্রিঃ মাসে ১২টি মাদক বিরোধী অভিযান পরিচালনা করা হয় এবং ১০১লিটার চোলাই মদ উদ্ধার করা হয়। তাছাড়া উপজেলা নির্বাহী অফিসার ও বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট এর নেতৃত্বে উপজেলাধীন বিভিন্ন হাট-বাজারে জনসচেতনতা বৃদ্ধির লক্ষে ভ্রম্যমাণ আদালত পরিচালনা করা হয়েছে। | এলাকার জনসাধারণকে ইতিবাচক দৃষ্টিভঙ্গী নিয়ে উদ্বুদ্ধ করার লক্ষে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল। |

| আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ৫। বিবিধ : উপজেলা চেয়ারম্যান বলেন যে, রাউজান উপজেলা সীমান্তে বসবাসকারী রোহিঙ্গা সম্প্রদায়ের লোকজন যাতে করে এ এলাকায় বসতি এবং ভোটার তালিকায় অন্তর্ভূক্ত হতে না পারে সে বিষয়ে সজাগ থাকতে হবে। এলকার শান্তি শৃংখলা বজায় রাখার স্বার্থে জনপ্রতিনিধিদের স্ব-স্ব এলাকায় জনসংযোগ বাড়ানোর জন্য অনুরোধ করেন। সরকারের কল্যাণমূখী কার্যক্রম জনসাধারণের নিকট যথাযথভাবে তুলে ধরা এবং এর সুর্ফল সম্পর্কে প্রচারণা চালানোর জন্যও তিনি গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন সকলের ঐক্যবদ্ধ প্রচেষ্টর ফলে কাউখালী উপজেলাটি সম্প্রীতির এক অনন্য দৃষ্টান্ত উপজেলা হিসাবে গড়ে তোলা যাবে। | উপজেলার সার্বিক আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল। |

সভায় আর অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষনা করা হয়।

স্বাঃ/-আফিয়া আখতার
১৪/০৯/২০১৫খ্রিঃ
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃংখলা কমিটি
কাউখালী, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

০৫ আশ্বিন১৪২২ বঙ্গাব্দ।
স্মারক নং-০৫.৪২.৮৪২৫.০০১.২৪.০২.১৫- ১০১৭ তারিখ : ২০ সেপ্টেম্বর,২০১৫খ্রিস্টাব্দ।

অনুলিপি : সদয় অবগতির জন্য-

১। মাননীয় সংসদ সদস্য, ২৯৯ পার্বত্য রাঙ্গামাটি।
২। জেলা প্রশাসক, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৩। পুলিশ সুপার, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৪। চেয়ারম্যান, কাউখালী উপজেলা পরিষদ, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৫। মহিলা ভাইস-চেয়ারম্যান/ভাইস-চেয়ারম্যান, কাউখালী উপজেলা পরিষদ, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

অনুলিপি : অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য –

৩। উপজেলা ................................. কর্মকর্তা ও সদস্য, উপজেলা আইন-শৃংখলা কমিটি, কাউখালী, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৪। চেয়ারম্যান, ........................... ইউপি (সকল), কাউখালী, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৫। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার ...................................... কলেজ/উচ্চ বিদ্যালয়/মাদ্রাসা, কাউখালী, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৬। জনাব/বেগম ............................. ও সদস্য, উপজেলা আইন-শৃংখলা কমিটি, কাউখালী, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৭। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
কাউখালী
রাঙ্গামাটি পার্বত্য জেলা।

২০/৯/১৫